মেহেরপুরে কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা

মেহেরপুরে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের কৃতী সংবর্ধনা প্রদান করেছে শিখোর পৃষ্ঠপোষকতায় প্রথম আলোর উদ্যোগে। আজ বেলা সাড়ে ১১ টার দিকে শহরের পৌর কমিউনিটি সেন্টারে জেলার ৩শ ৮৮ জন শিক্ষার্থীকে এ সংবর্ধণা প্রদান করা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রথম আলো বন্ধুসভার সভাপতি মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লা আল আমিন। স্বাগত বক্তব্য রাখে প্রথম আলো জেলা প্রতিনিধি আবু সাঈদ। বিশিষ্টজন হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ শফিউল ইসলাম সর্দার, মেহেরপুর সরকারী মহীলা কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলাম, কুষ্টিয়া জেলার প্রথম আলোর নিজস্ব প্রতিনিধি তৌহিদী হাসান।

স্বাগত বক্তব্য প্রথম আলোর প্রতিনিধি আবু সাঈদ বলেন, একটি উন্নত রাষ্ট্র ব্যবস্থা, গণতান্ত্রিক সমাজ ব্যবস্থা, বৈশম্যহীন পরিবেশ তৈরিতে আমরা এই সংবর্ধনা অনুষ্ঠান থেকে অঙ্গিকারবদ্ধ হবো। আগামী বাংলাদেশ আমাদের তৈরি করতে হবে। দেশের প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার নিশ্চিত করতে হবে। মানুষে মানুষে বিভেদ ভুলে মানবিক বাংলাদেশ গড়ে তুলতে হবে। কৃতী শিক্ষার্থীদের প্রতি আমাদের অনুরোধ নিজের পরিবার পরিজনদের সঙ্গে সু সম্পর্ক রাখতে হবে। নিেজেদেরকে উন্নত মানুষ হিসাবে গড়ে তুলতে হবে।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যাক্ষ সফিউল ইসলাম সর্দার বলেন, এখনি সময় নিজেদের তৈরি করার। এসএসসি পাশ করার পরে শিক্ষার্থীদের আরো মনোযোগ দিতে হবে পড়াশোনায়। প্রথম আলো প্রতি বছরে কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়ার মাধ্যমে অনুপ্রাণিত করে চলেছে তা অবশ্যায় সমাজে গুরুত্ব রাখছে। কৃতীদের আগামী পথচলাতে আগ্রহ তৈরি হচ্ছে। এই ধারা অব্যাহত থাকুক আমাদের দাবি রইলো।

প্রথম আলোর নিজস্ব প্রতিনিধি তৌহিদী হাসান বলেন, বর্তমান সময় মাদকের ভয়াবহতা দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে। কৃতী শিক্ষার্থীদের প্রতি বিশেষ আবেদন রইবে অবশ্যায় মাদককে না বলতে হবে। একটি মাদকমুক্ত সমাজ গড়তে পারলে সমাজ থেকে সন্ত্রাস, হানাহানি, খুন

খারাবি অনেকাংশে কমে আসবে। বাসযোগ্য একটি সমাজ ব্যবস্থা গড়ে তুলতে মাদক প্রতিরোধ ব্যবস্থার বিষয়ে আমাদের সকলকে নিজের অবস্থান থেকে প্রতিরোধ গড়ে তুলতে হবে।

প্রথম আলোর মেহেরপুর সভাপতি ও সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন বলেন, প্রতিটি শিক্ষার্থী হলো এক একটি আলোকবর্তিকা। সমাজে অন্ধকার দুর করতে কৃতী শিক্ষার্থীরা নিজেদের অবস্থান থেকে আলো ছড়াবো। উন্নত, মাননিক, সৎ., ন্যায় নির্ভিক মানুষ হিসাবে নিজেদের গড়ে তুলতে হবে। তবেই আমরা একটি সুন্দর দেশ তৈরি করতে পারবো। আজকের অনুষ্ঠানের প্রানই হচ্ছে কৃতী শিক্ষার্থীরা।

সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাদককে না বলার শপথবাক্য পাঠ করা হয়। সংবর্ধনা পেয়ে খুশি কৃতী শিক্ষার্থীরা। পরে নৃত্য পরিবেশন করে বন্ধুসভার উপদেষ্টা সাব্বির হোসেন সোহাগের দল। সঙ্গীত পরিবশেন করে রেইনফল নামের একটি ব্যান্ড দল। অনুষ্ঠানটির মিডিয়া পার্টনার ছিলো এটিএন বাংলা। সহযোগীতায় রয়েছে ফ্রেশ ও প্রথমআলো বন্ধুসভা।

দামুড়হুদা উপজেলায় এসএসসি পরীক্ষায় কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

দামুড়হুদার বিভিন্ন স্কুল থেকে চলতি বছরে এসএসসি পরীক্ষায় জিপিএ ৫প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের কে সংবর্ধনা দেয়া হয়েছে।

আজ শনিবার বেলা ১১টার দিকে দামুড়হুদার মোক্তারপুর বাজারস্থ ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির আয়োজনে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি পরীক্ষায় জিপিএ ৫প্রাপ্ত ৯৭জন শিক্ষার্থীদেরকে সংবর্ধনা দেয়া হয়।

ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির চেয়ারম্যান এ্যাড. মোহাম্মদ

আসাদুল্লাহ’র সভাপতিত্বে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজের অধ্যাপক মোঃ জাহাঙ্গীর আলম। মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজের প্রভাষক মোঃ সাইফুল্লাহ মুনছুরের পরিচালনায় এসময় বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দর্শনা ডিএস ফাজিল মাদরাসার প্রভাষক মোঃ আক্তারুজ্জামান, ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির প্রিন্সিপাল মোঃ আব্দুল্লাহ তাবরিজ খান।

এসময় উপস্থিত ছিলেন মোক্তারপুর ৮নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সুলতান আহমেদ সহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও প্রতিষ্ঠানটির শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও শিক্ষার্থীবৃন্দ প্রমূখ।

আলমডাঙ্গার মোল্লা গ্রুপের চেয়ারম্যান ব্যবসায়ী সহিদুল হক মোল্লাকে সংবর্ধনা

দেশের শীর্ষ ব্যবসায়ী সংগঠন এফবিসিসিআই নির্বাচনে পরিচালক পদে বিপুল ভোটে বিজয়ী আলমডাঙ্গার বন্ডবিল গ্রামের কৃতি সন্তান দেশের বিশিষ্ট ব্যবসায়ী মোল্লা গ্রুপের চেয়ারম্যান সহিদুল হক মোল্লা শিপলেনকে বন্ডবিল গ্রামের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ সোমবার বিকেলে বন্ডবিল গ্রামে এ সংবর্ধনার আয়োজন করা হয়। এর পূর্বে সহিদুল হক মোল্লাকে মোটর সাইকেল শোভাযাত্রার মাধ্যমে সংবর্ধনা সভায় নিয়ে আসা হয়। পরে তাকে ফুলেল শুভেচ্ছায় শিক্ত করেন গ্রামবাসী।

সংবর্ধনা সভায় প্রধান অতিথির বত্তব্যে শহিদুল হক মোল্লা বলেন, এফবিসিসিআই সংগঠনটি বাংলাদেশের সবচেয়ে শীর্ষ ব্যবসায়ী সংগঠন।এ সংগঠনের একজন পরিচালক হিসেবে বিজয় অত্যন্ত কঠিন একটা কাজ। দেশের বড় বড় ব্যবসায়ী সংগঠনের ভোটের মাধ্যমে বিজয় অর্জন করতে হয়। এফবিসিসিআই এর ভোট ইন্টার ন্যাশনাল ভোট, সংসদে যেমন ৩০০ আসনে

ভোট হয়, এফবিসিসি আই এর সভাপতিসহ ৮০ জন। ৩৩ জন এসোসিয়েশন,২৩ জন চেম্বার আর ডিরেক্ট কিছু আসে। যাহোক আপনাদের সকলের দোয়ায় আমি নির্বাচনে বিজয়ী হয়েছি। এই বিজয়, আলমডাঙ্গার মানুষের বিজয়,এটা বন্ডবিল গ্রামের মানুষের গর্বের বিষয়।

তিনি বলেন,মন্ত্রী এমপিদের মততো আমাদের সুযোগ নেই,তবে আমরা দেশের জন্য কাজ করবো। দেশের বাইরে থেকে আমরা বিনিয়োগ নিয়ে আসবো। ইতপূর্বে আমরা দেশের জন্য সাড়ে ৯:হাজার কোটি টাকার হালাল খাদ্য নিয়ে এসেছিলাম।

তিনি আরও বলেন,আমরা মুজিব বর্ষ উপলক্ষে আলমডাঙ্গা উপজেলায় কয়েকটি ঘর নির্মাণ করে দিয়েছি,আমাদের বন্ডবিল গ্রামে যদি কারো ঘর না থাকে আমার মেজো ভাইয়ের সাথে যোগাযোগ করলে আমরা করে দিবো। এছাড়াও গ্রামের মানুষের সহযোগিতায় আমাদের হাত প্রসারিত থাকবে।

সালাউদ্দিন পিনটুল মোল্লার সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী শিপলেন মোল্লার মেজো ভাই লিয়াকত আলী লিপু মোল্লা।

এছাড়াও আরো উপস্থিত ছিলেন ছোট ভাই আমিনুল হক অপু মোল্লা, ভাতিজা টিংকু মোল্লা, স্বজল মোল্লা, ৯ নং ওয়ার্ড কাউন্সিলর সাইফুল ইসলাম। সাবেক কাউন্সিলর মামুন আর রশিদ হাসানের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন স্কুল শিক্ষক বাবু, শফি উদ্দিন মোল্লা, পারভেজ হোসেন, ৯ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শহিদ মোল্লা, সাধারণ সম্পাদক শাফায়েতুল ইসলাম, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা সৈয়দ আলী, মসজিদের খতিব হাজি হানেফ আলী।

এদিকে, আলমডাঙ্গায় ৮৯ ব্যাচ বন্ধু সংগঠনের পক্ষ থেকে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই’র পরিচালক পদে বিজয়ী আলমডাঙ্গার কৃতি সন্তান সহিদুল হক মোল্লাকে সংবর্ধনা প্রদান করেন।

মেহেরপুরে সাংস্কৃতিক ও ক্রীড়াতে অবদান রাখা ২৫ জন সংবর্ধিত

অরণি চিলড্রেন্স থিয়েটারের উদ্যোগে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীতে ‘শিশুর জন্য নিরাপদ মাতৃভূমি গড়ার প্রত্যয়’ এই স্লোগান সামনে নিয়ে শিশু-কিশোরদের সাংস্কৃতি চর্চায় অনুপ্রাণিত করতে শিশু-কিশোর সঙ্গীত শিল্পীদের নিয়ে মনোজ্ঞ সাংস্কৃতিক ও শুভেচ্ছা সন্ধ্যার আয়োজন করা হয়।

গতকাল মঙ্গলবার রাতে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে শিশু কিশোর সংগীত শিল্পীদের অংশগ্রহণে মনোজ্ঞ এক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অতঃপর কৃতি সংস্কৃতিক শিল্পী ও ক্রীড়াঙ্গনে অবদান রাখা শিশু-কিশোরদের হাতে সম্মাননা স্মারক হাতে তুলে দেয়া হয়।

সাংস্কৃতিক ও শুভেচ্ছা সন্ধ্যায় মেহেরপুর জেলা থেকে আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ে সংস্কৃতি ও ক্রীড়াতে পুরস্কারপ্রাপ্ত ৭ জনসহ মোট ২৫ জন শিল্পীর হাতে সম্মাননা স্মারক ও ক্রেস্ট তুলে দেওয়া হয়।

অরণি থিয়েটারের সভাপতি নিশান সাবেরের সঞ্চালনা এবং সাধারণ সম্পাদক আতিফ স্বপনের পরিকল্পনা ও পরিচালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে ছিলেন জেলা শিল্পকলা একাডেমীর সহ সভাপতি আলী রেজা,নুরুল আহমেদ সদস্য সুলতানা রাজিয়া, শাশ্বত, নিপ্পন, মাহবুবুল হক মন্টু প্রমুখ।

অজানাকে জানতে বই পড়ার কোন

বিকল্প নেই— রোকসানা মিতা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় ৩ জন গুনী ব্যক্তিত্ব কে সম্মাননা স্বারক প্রদান করেছে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতি।

এবারের অমর একুশে বই মেলায় লেখক ও চিকিৎসক জাহাঙ্গীর আলম বিশ্বাসের লেখা দুটি বই প্রকাশিত হয়েছে। বই দুটির মধ্যে “কোকেন কান্ডে কিংস কাইন্ড”সারা বাংলাদেশের মধ্যে ৪র্থ স্থান অধিকার পাওয়ায় তাকে সম্মানা স্বারক ও সংবর্ধনা দেওয়া হয়েছে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে।

আজ বুধবার বিকালে দর্শনা প্রেসক্লাবে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

তিনি বলেন, বই জ্ঞানের প্রতীক,বই আলোর প্রতীক, জানতে হলে বই পড়তে হবে। যে যত বেশী বই পড়বে, সে তত বেশী জ্ঞান অর্জন করবে। অজানাকে জানতে বই পড়ার কোন বিকল্প নেই। সুশিল সমাজ গঠনে বেশী বেশী সাহিত্য চর্চা করতে হবে। সাহিত্যকে ছড়িয়ে দিতে হবে সকলের হৃদয়ে। একটি কথা মনে রাখতে হবে কলূষমুক্ত সমাজ গঠনে সাহিত্যের ভূমিকা অপরিসীহিম।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন সাংবাদিক ইমতিয়াজ রয়েল। পরে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে অতিথিদের ফুলেল শুভেচ্ছা দেওয়া হয়। শুভেচ্ছা শেষে অমর ২১ শে বই মেলায় প্রকাশিত অনুসন্ধানি মূলক “কোকেন কান্ডে কিংস কাইন্ড” ও শিশুতোষ কাব্যগ্রন্থ “ভোরের পাখি” সহ

প্রকাশিত ৮টি বই একশে বই মেলায় প্রকাশিত হওয়ায় লেখক ও চিকিৎসক জাহাঙ্গীর আলম বিশ্বাসকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

স্বাগত বক্তব্য দেন সংবর্ধিত লেখক জাহাঙ্গীর আলম বিশ্বাস। দর্শনা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতি সাংবাদিক হানিফ মন্ডলের উপস্থাপনায় আরো আলোচনা করেন, বীর মুক্তিযোদ্ধা মজনুর রহমান, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ, নাট্য ব্যাক্তিত্ব আনোয়ার হোসেন, দর্শনা সাহিত্য পরিষদের সভাপতি

শাহাজামান, দর্শনা সিডিএলের পরিচালক কবি ও সাহিত্যিক আবু সুফিয়ান।

এছাড়াও উপস্থিত থেকে আলোচনা করেন,দর্শনা প্রেসক্লাবের নবনির্বাচিত সভাপতি জাহিদুল ইসলাম, সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদক ও নির্বাচন পরিচালনা কমিটির সদস্য চঞ্চল মেহমুদ।

এছাড়া এই সংবর্ধনা অনুষ্ঠানে দেশ ও বিদেশে নাট্য থিয়েটারের বিশেষ অবদান রাখায় অনির্বান থিয়েটারের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেনকে সম্মাননা দেওয়া হয়েছে।

এ সংবর্ধনা অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দর্শনা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ,মিঠু বিশ্বাস,রানা বিশ্বাস, সাংবাদিক ওয়াসিম রয়েল, রিফাত রহমান, আব্দুল হান্নান, শ্রী সুকমল চন্দ্র বাঁধন, প্রমুখ।

আলমডাঙ্গায় আল-ইকরা একাডেমির কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

আলমডাঙ্গা একাডেমিতে (আল ইকরা) প্রাথমিক বৃত্তি ও এসএসসি -২০২২ পরীক্ষায় উত্তীর্ণ কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৮ টায় প্রতিষ্ঠান প্ প্রাঙ্গণে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা একাডেমির সভাপতি ফকির মোহাম্মদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ খন্দকার সালমুন আহম্মদ ডন,আলমডাঙ্গা সরকারী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল মোনায়েম,জেলা সমাজ সেবা অফিসারর সহকারী পরিচালক আবু তালেব,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুল হক,আলমডাঙ্গা একাডেমির বিদ্যোৎসাহী সদস্য আলহাজ্ব লিয়াকত আলী

লিপু মোল্লা,উপদেষ্টা পরিষদের সভাপতি প্র.ড মুহাম্মদ আব্দুস শহীদ। অভিবাকদের পক্ষ থেকে বক্তব্য প্রদান করেন একেএম রাজিউজ্জামান রাজ,সৈয়দ আল মামুন।

সহকারি শিক্ষক শাহিন শাহিদের উপস্থাপনায় কৃতি শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন নাবাত রেহান মারফী,সালমান সাদিক,আতিকুজ্জামান নাভিদ,এইচ এম ফাহিম,ইকবাল মাহমুদ সানভী,আহসানউল্লাহ সজীব,আঃ রাব্বী,হাসান আল নোমান,আব্দুস শহীদ নাসিস।

অনুষ্ঠানে প্রাথমিক বৃত্তি ও এসএসসি-২০২২এর কৃতি শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয়। ২০২২ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ২৪ জন ট্যালেন্টপুলে, ১৬ জন সাধারণ গ্রেডে ও এসএসসি পরীক্ষায় ৪জন ট্যালের্টপুল,১৩জন সাধারণ গ্রেড ও ৩৮জন জিপিএ- ৫.০০ প্রাপ্ত শিক্ষার্থীকে ক্রেস্ট প্রদান করা হয়। এছাড়াও ২০১৬ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত এসএসসি পরীক্ষায় কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীদের মধ্যে ২৫ জন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ও ৮ জন মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পাওয়ায় তাদেরকে সংবর্ধিত করা হয়। ৩জন ক্যাডেট কলেজ ও জাতীয় পর্যায়ে পুরস্কারপ্রাপ্ত আরও ৩ জন শিক্ষার্থীসহ ৬ জনকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়।

জীবননগরে প্রাথমিক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী সংবর্ধনা

জীবননগর উপজেলা শহরের দৌলৎগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ২০২২ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত ১৮জন শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টায় শিক্ষার্থীকে এ সংবর্ধনা দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর পৌরসভা মেয়র মো. রফিকুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার মো. জালাল উদ্দিন। উপজেলা রিসোর্স

কর্মকর্তা (ইন্সট্রাক্টর) মো. আনারুল ইসলাম।

সহকারী শিক্ষা অফিসার মো. মহিউদ্দিন, মো. আবু হাসান, জীবননগর পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর মো. আবুল কাশেম। সভাপতিত্ব করেন, বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি আ.ফ.ম সালাহ উদ্দিন কবির। সঞ্চালনা করেন বিদ্যালয় পরিচালনা পরিষদের সদস্য জহিরুল ইসলাম শিক্ষার্থী, অভিভাবক, বিদ্যালয় পরিচালনা পরিষদের সদস্যদের উপস্থিতিতে কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে।

বক্তব্য রাখেন অভিভাবকদের পক্ষে জীবননগর সরকারি আদর্শ মহিলা ডিগ্রি কলেজের প্রভাষক শরিফুল ইসলাম, জীবননগর ডিগ্রি কলেজের প্রভাষক আমিনুল ইসলাম তারেক। স্কুলের শ্রণি শিক্ষক যার অক্লান্ত পরিশ্রমে শিক্ষার্থীরা বৃত্তিপ্রাপ্ত হয়েছে নাসিমা খাতুন এবং বক্তব্য রাখেন বিশেষ অতিথিরা।

প্রধান অতিথি বলেন পৌর সভার প্রধান স্কুল হিসেবে মডেল স্কুলের সৌন্দর্য বর্ধনে তিনি সহযোগিতা করে বলে আশ্বাস দেন। এসময় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী রাফিয়া তাহসিন, শাফিয়া নওশীন শামা বক্তব্য রাখেন।

উল্লেখ্য চুয়াডাঙ্গা জেলায় দুটি স্কুল ১৮ টি প্রাথমিক বৃত্তি লাভ করে তন্মধ্যে দৌলৎগঞ্জ মডেল প্রাথমিক বিদ্যালয় ট্যালেন্টপুলে ৮ জন এবং সাধারণ গ্রেডে ১০ জন মোট ১৮ জন বৃত্তি পেয়েছে।

দামুড়হুদার কুড়ুলগাছিতে এসএসসি ও এইচএসসি জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ মিলনায়তনে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের অধীনে ২০২২ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের “সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত

হয়েছে।

বুধবার বিকাল ৩টায় কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। তিনি বলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের অধীনে ২০২২ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের জন্য যে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে এর জন্য আমি আয়োজকদের ধন্যবাদ জানাই, আমি আরো ধন্যবাদ ও শুভেচ্ছা জানায় জিপিএ-৫ প্রাপ্ত সকল কৃতি শিক্ষার্থীদের। তোমরা আমাদের এই সোনার বাংলাদেশের আগামী দিনের চালিকাশক্তি হবে, তোমরা হবে দেশ ও জাতীর ভবিষ্যত। তোমরা শুধু মেধাবী হলেই চলবেনা তোদের সকলে ভালো মানুষ হতে হবে এই আশা রাখবো।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগ সভাপতি হাবিবুল্লাহ বাহার, সাধারন সম্পাদক সরোয়ার হোসেন, আবকাইজার নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পরিচালক আবু হেনা, কুড়ুলগাছি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমীন, সদাবরী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওবায়দুল্লাহ, কুড়ুলগাছি দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার আঃ রহিম, সাংবাদিক আলী আজগর সোনা, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ সচিব শাহাবুবুর রহমান, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ডের মেম্বার ও মহিলা মেম্বারগণ, স্থানীয় সুধীজন, বিভিন্ন ইলেকট্রনিকস ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ, জিপিএ-৫ প্রাপ্ত কৃতি ছাত্র-ছাত্রী, অভিভাবক বৃন্দ, ইউনিয়ন পরিষদের কর্মচারীবৃন্দ সহ এলাকাবাসী।

কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ কামাল উদ্দিন তার সমাপনী বক্তব্যে বলেন, আমাদের কুড়ুলগাছি ইউনিয়নের মেধাবী কোন ছাত্র-ছাত্রী কলেজ-ইউনিভার্সিটিতে ভর্তি হতে আর্থিক সহযোগিতার প্রয়োজন হলে তিনি সকল ধরনের সহযোগিতা করবেন বলে ঘোষণা দেন।

উল্লেখ্য, এসএসসিতে জিপিএ-৫ প্রাপ্ত ২৬ জন এবং এইচএসসিতে জিপিএ-৫ প্রাপ্ত ১৮ জন ছাত্র-ছাত্রীকে আলোচনা সভা শেষে ২০২২ ইং সালের কুড়ুলগাছি ইউনিয়নের বিভিন্ন গ্রামের যে সকল ছাত্র-ছাত্রীরা এসএসসি ও এইচএসসিতে জিপিএ-৫ প্রাপ্ত হয়েছে তাদের হাতে ক্রেস্ট তুলে দেয়া হয়।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন কুড়ুলগাছি ইউনিয়নের ৯নং ওয়ার্ড মেম্বার দেলোয়ার হোসেন বিপু।

চুয়াডাঙ্গায় এসএসসি ও সমমানে জিপিএ-৫ পাওয়া কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা

চুয়াডাঙ্গায় উৎসবমুখর পরিবেশে প্রথম আলো ও শিখো এর পক্ষ থেকে এসএসসি ও সমমানের পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

রবিবার সকাল ৮টায় চুয়াডাঙ্গা সদরের ঘোড়ামারা এলাকায় অবস্থিত ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর প্রাঙ্গণে শুরু হয় সংবর্ধনা ও আনন্দ আড্ডা উৎসব।

এ অনুষ্ঠানে অংশ নিতে চুয়াডাঙ্গা জেলার ১ হাজার ১০৯ জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থী নিবন্ধন করে। সকাল আটটায় অনুষ্ঠান শুরুর কথা থাকলেও সকাল সাড়ে সাতটার মধ্যে কৃতী শিক্ষার্থীদের অনেকেই পৌঁছে যায় অনুষ্ঠানস্থলে। অনেক শিক্ষার্থীর সঙ্গে তাদের অভিভাবকও এসেছেন। সেখানে শিক্ষার্থীদের সংবর্ধনা এবং আনন্দ আড্ডা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করে তারা।

কৃতী শিক্ষার্থীদের পক্ষে স্বাগত বক্তব্যে মো. কামরুল ইসলাম বলেন, এমন সুন্দর আয়োজন করার জন্য প্রথম আলো ও শিখো প্রতি অশেষ কৃতজ্ঞতা। আগামী দিনগুলোতেও প্রথম আলোকে এভাবে পাশে চাই।

অনুষ্ঠানস্থলে এসে শিক্ষার্থীরা নির্দিষ্ট বুথের সামনে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে সনদ, ক্রেস্ট ও স্ন্যাক্স বক্স সংগ্রহ করে। সকাল ১০টায় জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। এ সময় অতিথি, কৃতী শিক্ষার্থী ও অভিভাবকেরা দাঁড়িয়ে এতে গলা মেলান।

চুয়াডাঙ্গা বন্ধুসভার সদস্য নুসরাত জাহান করবীর সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন প্রথম আলোর চুয়াডাঙ্গা প্রতিনিধি শাহ আলম।

শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে মঞ্চে বক্তৃতা করেন ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর উপাচার্য মোফাজ্জেল হোসেন, বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের কো-চেয়ারম্যান রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার, সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের গণিত বিষয়ের শিক্ষক মো. হাসানুজ্জামান হাসান, প্রথম আলোর উপ-সম্পাদক লাজ্জাত এনাব মহছি প্রমুখ।

বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের কো-চেয়ারম্যান রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার বলেন, ভেন্যু হিসেবে প্রথম আলো কর্তৃপক্ষ আমাদের বেছে নেওয়ায় বিশেষভাবে কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমরা চাই, আগামী দিনগুলোতে প্রথম আলোর ভালো কাজের সহযোগী হতে।

শিক্ষার্থীদের এ সাফল্য উদযাপন করতে সাংস্কৃতিক পর্বে ছিল শান্ত আহম্মেদ, নুসরাত জানান, আরাফাত ফাগুন ও বলাকা ঘোষের নানা পরিবেশনা। বক্তৃতার ফাঁকে ফাঁকে চলে কৃতী শিক্ষার্থী ও বন্ধুসভার সদস্যদের অংশগ্রহণে নাচ, গান ও কবিতা আবৃত্তি।

প্রথম আলো ও শিখো ব্যবস্থাপনায় দেশের প্রতিটি জেলায় এসএসসি ও সমমান ২০২২ সালের পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠিত হচ্ছে।

গাংনীতে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমকে বিভিন্ন মহলের বিদায়ী সংবর্ধনা প্রদান

গাংনী উপজেলার বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের পদন্নতি বদলিতে বিভিন্ন মহল থেকে বিদায়ী সংর্বধনা প্রদান করা হয়েছে।

বুধবার সকাল থেকে সারাদিন পৃথক পৃথক ভাবে তাঁকে সংবর্ধনা প্রদান করা হয়। প্রথমে উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের পক্ষ থেকে সংবর্ধনা দেয়া হয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে সংবর্ধনা

প্রদানের আয়োজন করেন জাতীর শ্রেষ্ট সন্তান বীর মুক্তযোদ্ধারা। সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা মুক্তিযোদ্ধা সাবেক কমান্ডার মুন্তাজ আলী, বীর মুক্তিযোদ্ধা পাতান আলী,বীর মুক্তিযোদ্ধা গোলাম আলীসহ অনেকে।

দুপুরে অফিসারর্স ক্লাবের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। বিকেলে গাংনী প্রেসক্লাবের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। এসময় উপজেলা নির্বাহী অফিসারের কর্মজীবন নিয়ে প্রশংসামুলক আলোচনা করা হয়। এসময় বক্তব্য রাখেন প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা,সাধারণ সম্পাদক মাহাবুব আলম, আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিকসহ প্রেসক্লাবের সকল সাংবাদিক বৃন্দ।

পরে উপজেলা ভুমি অফিসারের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। এসময় ভুমি অফিসরে কর্মকর্তা কর্মচারিবৃন্দরা উপস্থিত ছিলেন। অন্যদিকে গাংনী উপজেলা প্রেসক্লাবের পক্ষ থেকে বিদায় উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে। সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকন, সাধারণ সম্পাদক পাভেলসহ সাংবাদিকবৃন্দরা।

এছাড়াও উপজেলা বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষ থেকে মৌসুমী খানমকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

প্রসংগতঃ বিগত ১৭/০৫/২০২১ ইং তারিখে মৌসমী খানম গাংনী উপজেলা নির্বাহী অফিসার হিসেবে যোগদান করেন। দীর্ঘদিন সুনামের সাথে গাংনী উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব পালনের পর এডিসি হিসেবে তিনি পদন্নতি প্রাপ্ত হন।

তিনি জানান, জামালপুর জেলা প্রশাসকের কার্যালয়ে তিনি অতিরিক্ত জেলা প্রশাসক(এডিসি) হিসেবে যোগদান করবেন।